

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১৫/২০২১

জে,

তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভারুয়াল উপস্থিতির মাধ্যমে জামিন ও অতীব জরুরী ফৌজদারী দরখাস্তসমূহ নিষ্পত্তি করার উদ্দেশ্যে বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ আদালতসমূহের কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রাদুর্ভূত মহামারী (কোভিড-১৯) এর ব্যাপক বিস্তার রোধকল্পে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও বাংলাদেশ সরকার কর্তৃক ২০২১ খ্রিস্টাব্দের বর্ষপঞ্জিতে ঘোষিত ছুটি ব্যতিত) প্রত্যেক বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ “আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০” এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত বিজ্ঞপ্তি অনুসরণ পূর্বক শুধু জামিন ও অতীব জরুরী ফৌজদারী দরখাস্তসমূহ নিষ্পত্তি করার উদ্দেশ্যে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভারুয়াল উপস্থিতির মাধ্যমে আদালতের কার্যক্রম পরিচালনা করবেন।

০২। এই আদেশ আগামী ২৫ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোন : ৯৫১৪৬৪৬

E-mail: registrar_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ২৫৫৩

জে,

তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থ ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, (সকল)।
৪. বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ, (সকল)।
৫. সভাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
৭. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৯. নোটিশ বোর্ড



(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬১৯৩২।